

Central Moon Sighting Committee of Great Britain

(Jamiatul Ulama Britain, Darul Uloom Bury, Hizbul Ulama UK)
Info@hizbululama.org.uk / www.hizbululama.org.uk

Page 1 of 2

New moon theory, Fatwa Mujlisul Ulama South Africa of R. Thaani 1432 & Birmingham Moon Sighting of Ramzan 1431 by 3 persons

চাঁদ দর্শনে প্রত্যক্ষ্যদর্শী ও নির্ভরযোগ্য সাক্ষী থাকা সতেত্বও শরীয়ত বহির্ভূত জ্যোতির্বিদদের দ্বারা সৌর গণনার উপর নির্ভর করা হরারাম ও নাজায়েজ। জ্যোতির্বিদদের গণনাকে প্রাধান্য দিয়ে নির্ভরযোগ্য প্রত্যক্ষদর্শীদের সততাকে অহেতুক প্রশ্নবিদ্ধ করে তাদেরকে খাটো করা শরীয়তসম্মত নয় বরং তা নাজেয়জ ও হারাম।

সম্মানিত পাঠক ভাই ও বোনেরা

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতৃল্লাহি ওয়া বারকাতৃত্

প্রকাশ থাকে যে, হুজুর (স.) এর ফরমান অনুযায়ী শরীয়তে চাঁদ দেখাই একমাত্রগ্রহণীয় পস্থা। এতে জ্যোতির্বিদদের গণনা অগ্রহণীয় ও নাজায়েজ। এরপর যখন কোন ব্যক্তি চাঁদ প্রত্যক্ষদর্শীকে অগ্রাহ্য করে সৌর গণণার উপর ভিত্তি করাকে প্রাধান্য দেয় তা সম্পূর্ণ নাজায়েজ। এ ধরণের শরীয়ত বহির্ভূত অহেতুক ও নাজায়েজ প্রশ্নকর্তাদের কারণে প্রত্যক্ষদর্শী ও শরীয়তসম্মত সাক্ষীগণ কখনো অগ্রাহ্য ও বাতিল হতে পারেন না। বরং উক্ত প্রত্যক্ষদর্শী সাক্ষীগণের চাঁদ দর্শনের সততাই পূর্ণভাবে প্রমাণিত হবে। উপরোক্ত প্রেক্ষাপটের ভিত্তিতে আমাদের পক্ষ থেকে মুফতি সাহেবের নিকট প্রশ্ন সমূহ পাঠানো হয়। উর্দূ ভাষায় প্রশ্নোত্তরের বাংলা তরজমা নিম্নে দেয়া গেল।

মুহতারাম মুফতী আব্দুছ ছাত্তার সাহেব কেন্দ্রীয় হেলাল কমিটি, ব্রিটেন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

আপনার নিকট নিম্নোক্ত প্রশ্নগুলোর ব্যাপারে মতামতের জন্য আরজ করা হলো:

- ১. শরীয়ত মোতাবেক চাঁদ দেখার সম্ভাব্য সময় শরীয়তের নির্দেশ অনুযায়ী আরবী মাসের ২৯ তারিখের দিনের শেষভাগে
- ২. অনুগ্রহপূর্বক এটিও বলে দিবেন যে, প্রত্যক্ষদর্শী সাক্ষীদের যাচাই-বাছাইয়ের ব্যাপারে তাদেরকে বিভিন্ন প্রশ্ন করা যায় কি এবং এ ব্যাপারে শরীয়তের আদেশ কি?
- ৩. যেভাবে পূর্বোক্ত কাল্পনিক নিউমুন থিওরী এবং গণনা অনুযায়ী চাঁদ দর্শনের সম্ভাবনার ব্যাপারে আলোচনা হয়েছে এ সমস্ত যুক্তির ভিত্তি অনুযায়ী চাঁদ দেখনেওয়ালা সাক্ষীকে প্রশ্ন করার ব্যাপারে শরীয়তের নির্দেশ কি?

দয়া করে বর্ণনা করবেন। আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দিন।

মাওলানা ইয়াকুব আহমদ মিফতাহী কেন্দ্ৰীয় সেক্ৰেটাৱী হিযবুল ওলামা, ইউকে হেলাল কমিটি ১৫/০৩/২০১১

উত্তর: মজলিছুল উলামা সাউথ আফ্রিকার পক্ষ থেকে

আসসালামু আলাইকুম ১৭/৩/২০১১ মাওলানা ইয়াকুব আহমদ মিফতাহী সেক্রেটারী, কেন্দ্রীয় হেলাল কমিটি, ইউকে

সম্মানিত ভ্রাতা ১৫ই মার্চ ২০১১ সালের আপনার ই-মেইলে উত্তর:

ইসলামী মাসের প্রারম্ভের মুল ভিত্তি সৌর বিজ্ঞানীদের গণনার উপর নয়। বরং চোখে চাঁদ দেখার উপর। সে ভিত্তিটি অকাট্য দলিল দ্বারা প্রমাণিত। চাঁদ দেখার এই ভিত্তিকে রহিত করা যাবে না। বৃদ্ধি, বিবেক এবং বিজ্ঞানের নিউমুন থিউরির গণনা অথবা অন্য কোন

Page 2 of 2

কাল্পনিক থিওরিকে চাঁদ দর্শনে শর্ত প্রদান অথবা প্রাধান্য দেয়া যাবে না।

প্রথম প্রশ্নের উত্তর:

শরীয়ত মোতাবেক চন্দ্র দেখা সম্ভব অর্থাৎ চাঁদ দেখার সম্ভাব্য সময় চন্দ্র মাসের ২৯ তারিখের দিনের শেষ ভাগে। এই দেখাটি রাসুলুল্লাহ (স.) এর পবিত্র হাদিস দ্বারা প্রমাণিত। এবং এটাই শরীয়তের সর্বসম্মত মাসআলা বা রায়। এরমধ্যে অন্য কোন ধরণের গবেষণা বা পরিবর্তনের কোন চিন্তা করা যায় না। কেবলমাত্র এই সমস্ত লোকই যারা শরীয়তের উসুল সম্পর্কে অজ্ঞ বা মুর্খ। তারাই এ অপরিবর্তনীয় শরীয়তী নীতিকে ভুল সাব্যস্থ করার চেষ্টা করতে পারে।

দ্বিতীয়ত সৌর বিজ্ঞানী অথবা জৌাতিবিদরা এই শরীয়তী উসুলের মোকাবেলায় ও বিরোধীতায় যত কিছুই বলুক এটা অগ্রহণযোগ্য ও বাতিল।

তৃতীয়ত অকাট্য দলিল দ্বারা প্রমাণিত শরীয়তের হুকুম আহকাম কিয়ামতের পূর্বক্ষণ পর্যন্ত পরিবর্তন করা যাবে না। আল্লাহ তাআলার রসুল হযরত মুসা (আ.) ও হযরত ঈসা (আ.) এর অনুসারী ইহুদী ও নাসারারা যেভাবে ধর্মের পরিবর্তনা করেছিল। এ ধরণের পরিবর্তন ও পরিবর্ধন এই আখেরী শরীয়তের মধ্যে ইনশাআল্লাহ কিয়ামত পর্যন্ত হতে পারবে না। কেননা আল্লাহ তাআলা প্রত্যেক জামানায় বাতিলপন্থীদের দ্বারা দ্বীনের মধ্যে পরিবর্তন ও পরিবর্ধনের চেষ্টার বিরুদ্ধে মোকাবেলা ও প্রতিহত করার জন্য উলামায়ে হককে উপস্থিতিতি রেখেছেন।

দ্বিতীয় প্রশ্নের উত্তর:

শরীয়তে চাঁদ দেখার সাক্ষীকে যাচাই-বাছাইয়ের জন্য বিশিষ্ট কোন প্রশ্ন করার সুযোগ নেই। কেবলমাত্র সাক্ষী অবশ্যই ন্যায়পরায়ণ (আদিল) হতে হবে। অন্যবিধ প্রশ্নাদি নিরর্থক শরীয়তে যার কোন মূল্য নেই। উল্লেখিত পরিস্থিতিতে এ সমস্ত অবাস্তব প্রশ্নাদি শরীয়তের উসুল ও ভিত্তিকে দূর্বল করে ফেলে। ঈদের চাঁদ দর্শনকালে যদি আকাশ পরিষ্কার থাকে তবে অধিক লোকের সাক্ষীর প্রয়োজন।

<u>তৃতীয় প্রশ্নের উত্তর:</u>

ক. শরীয়ত অনুযায়ী সাক্ষীকে সৌর ফর্মূলার প্রশ্না করা যেমন চাঁদ দেখার সময় চন্দ্র-সূর্যের অবস্থান স্থল কোথায় ছিল, কত ডিগ্রী উপরে বা নিচে, চন্দ্র রাত্রের আকৃতি কেমন ছিল, সূর্যের ডান দিকে ছিল না বাম দিকে ইত্যাদি প্রশ্ন শরীয়তের দৃষ্টিতে অনর্থক ও বেকার। সাক্ষীকে এতদপ্রকারের প্রশ্নাদির কোন গুরুত্ব দ্বীন ও শরীয়তে নেই। আর না এদের সাথে (প্রশ্নাদির) শরীয়তের কোন সম্পর্ক আছে।

খ. সাক্ষীকে শরীয়ত বহির্ভূত নিউমুন ফর্মুলার কাল্পনিক হিসাব অনুযায়ী চাঁদ জন্মের শর্ত সাপেক্ষ করে চাঁদ দেখা বা না দেখার সম্পর্কে প্রশ্ন, চাঁদ দেখা সম্পর্কে রাসুলুল্লাহ (স.) এর নিঃশর্ত ও প্রতিষ্ঠিত নীতির পরিবর্তন ও বিরোধীতা করার জন্য অহেতুক জিজ্ঞাসা করা সম্পূর্ণ হারাম।

ওয়াচ্ছালাম

(মুফতি আব্দুল ছাত্তার ছাই সাহেব) মজলিছুল ওলামা সাউথ আফ্রিকা প্রকাশনায়: কেন্দ্রীয় চাঁদ দেখা কমিটি, ইংল্যান্ড (হিজবুল ওলামা ইউকে, দারুল উল্ম, ব্যারি) জমিয়তুল উলামা, ইংল্যান্ড



Website: www.hizbululama.org.uk E-mail: info@hizbululama.org.uk